

বীজ প্রত্যয়ন এজেন্সীতে যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপিত

আজ ১৫ আগস্ট ২০২০ খ্রিঃ মহাস্বাধীনতার ছাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-এ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। সকাল ৬.০০ ঘটিকায় জাতীয় পতাকা উত্তোলন করে অর্ধনোমিত রাখা ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা হয়। সকাল ১০.০০ ঘটিকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল-এর মাধ্যমে এ সকল কর্মসূচি পালন করা হয়। আলোচনা সভা সকাল ১০.০০ ঘটিকায় বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-এর প্রশিক্ষণ হলে শুরু হয় এবং দুপুর ১.০০টা পর্যন্ত কার্যক্রম পরিচালিত হয়। কৃষিবিদ জনাব আবদুর রাজ্জাক, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কৃষিবিদ ড. মোঃ জাহাঙ্গীর হোসেন, অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর আলোচনা সভায় সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. শুকদেব কুমার দাস, প্রকল্প পরিচালক (বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরণ প্রকল্প), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর; কৃষিবিদ ড. মোঃ জাকির হোসেন, উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং কৃষিবিদ ড. আব্দুল আউয়াল মিয়া, উপপরিচালক (প্রশাসন), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর। বঙ্গবন্ধুর জীবনের আলোকে মূল প্রবন্ধ পাঠ ও স্লাইড প্রদর্শন করেন কৃষিবিদ রওশন আরা বেগম, অতিরিক্ত উপপরিচালক (সীড রেগুলেশন ও মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর। আলোচনা শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শাহাদাত বরণকারী সদস্যদের আত্মার মাগফেরাত কামানা করে মোনাজাত করা হয়।

আলোচনা সভায় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী বাঙালি জাতির স্বাধীনতা সংগ্রামের স্বপ্নদ্রষ্টা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন দর্শন, তার দেশপ্রেম এবং স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়সহ গুরুত্বপূর্ণ দিক সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনা শেষে বাদ জোহর মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।

১৫/০৮/২০২০
আবদুর রাজ্জাক
পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১

১৫/০৮/২০২০
আবদুর রাজ্জাক
পরিচালক
গাজীপুর